

বি এস এন এল ক্যাজুয়াল মজদুর ইউনিয়ন

পশ্চিমবঙ্গ সার্কেল

২৪৯ডি বি বি গাঙ্গুলী স্ট্রীট, কলকাতা - ৭০০ ০১২

সার্কুলার -২৭

কমরেডস,

গত ৫ই অক্টোবর, ২০০৯ বি এস এন এল ক্যাজুয়াল মজদুর ইউনিয়ন এর প্রাদেশিক কর্মকর্তামন্ডলীর এক সভা অনুষ্ঠিত হয় কে. জি. বোস স্মৃতি ভবনে। সভার কাজ পরিচালনা করেন সভাপতি কম. পঙ্কজ চ্যাটার্জী। সভায় বিগত প্রাদেশিক কর্মকর্তামন্ডলীর সভার সিদ্ধান্তগুলি পর্যালোচনা করা হয় এবং আগামী দিনে সমস্ত স্তরের কর্মচারীদের জ্বলন্ত সমস্যাগুলি সমাধানে জরুরী পদক্ষেপ গ্রহণ সহ সাংগঠনিক বিষয় নিয়ে নেতৃবৃন্দ বিস্তারিতভাবে আলোচনা করে নিম্নলিখিত সিদ্ধান্তগুলি গ্রহণ করেছে।

শাখা স্তরে বিক্ষোভ সমাবেশ

সমস্ত অনিয়মিত কর্মচারীদের উপস্থিতি সুনিশ্চিত করে আগামী ১৩/১৪ই অক্টোবর, ২০০৯ শাখা স্তরে দাবি-দাওয়াসে সামনে রেখে মধ্যাহ্নকালীন বিক্ষোভ-সমাবেশ পালন করতে হবে।

গণ অবস্থান ও সি জি এম এর কাছে ফ্যাকস বার্তা প্রেরণ

আগামী ১৫ই অক্টোবর, ২০০৯ জি. এম./ডি.জি.এম./টি.ডি. এম. এর কাছে সমস্ত কর্মচারীদের গণ অবস্থান কর্মসূচীর রূপায়ন সুনিশ্চিত করতে হবে।

সি.জি. এম. স্তরে কর্মসূচী

আগামী ২৭-২৯শে অক্টোবর, ২০০৯ কেন্দ্রীয়ভাবে সি. জি. এম. স্তরে অনিয়মিত কর্মচারীদের দাবিসমূহ নিয়ে কেন্দ্রীয়ভাবে কর্মসূচী পালিত হবে কলকাতায়।

থচার সপ্তাহ

প্রাদেশিক ইউনিয়ন আগামী ২০-২৬শে অক্টোবর, ২০০৯ সমস্ত অনিয়মিত কর্মচারীদের দাবি-দাওয়া সম্পর্কিত সর্বশেষ পরিস্থিতি এবং সি জি এম অফিসে উক্ত ৭২ ঘন্টার কর্মসূচীর সম্পর্কে ইউনিট স্তরে গ্রুপ সভার মধ্যে দিয়ে কর্মচারীদের অবগত করতে হবে।

বকেয়া পরিশোধ

প্রত্যেক বিভাগীয়/শাখা সম্পাদকদের অনুরোধ করা হচ্ছে যে অক্টোবর, ০৯ এর মধ্যে প্রাদেশিক ইউনিয়ন এর ঋণ্য সমস্ত বকেয়া মাসিক চাঁদ, সাংগঠনিক তহবিল এবং ডোনেশন পরিশোধ করার জন্য।

সুভেনিয়র ফর্ম ফেরত

প্রত্যেক বিভাগীয়/শাখা সম্পাদকদের অনুরোধ করা হচ্ছে যে মালদায় অনুষ্ঠিত পঞ্চম রাজ্য সম্মেলন উপলক্ষে যে সুভেনিয়র ফর্ম প্রাদেশিক ইউনিয়ন পক্ষ থেকে পাঠানো হয়েছে তা আগামী ২০শে অক্টোবর, ২০০৯ মধ্যে সংগ্রহ করে তা সার্কেল ইউনিয়ন পাঠানোর জন্য।

পঞ্চম রাজ্য সম্মেলন স্বস্বীয় গৃহীত সিদ্ধান্ত সমূহ নিম্নরূপ

(০১) বি এস এন এল ক্যাজুয়াল মজদুর ইউনিয়ন এর পঞ্চম রাজ্য সম্মেলন অনুষ্ঠিত হবে মালদা শহরে আগামী ১৪-১৫ই নভেম্বর, ২০০৯।

(০২) রাজ্য সম্মেলন শুরু হবে ১৪ই নভেম্বর, ২০০৯ সকাল ১০ টায়।

(০৩) রাজ্য সম্মেলন উদ্বোধন করবেন কম. ডি. এ. এন. নাথুদিত্তি, সর্বভারতীয় সাধারণ সম্পাদক, বি এস এন এল ইউ ইউ এবং সভাপতি, বি এস এন এল ক্যাজুয়াল এন্ড কন্ট্রাক্ট ওয়ারকার্স ফেডারেশন।

(০৪) ২০ জন সদস্য পিছু ১ জন প্রতিনিধি রাজ্য সম্মেলনে অংশগ্রহণ করতে পারবেন।

(০৫) ডেলিগেট - ফি ধার্য প্রতি প্রতিনিধি পিছু ৭৫ টাকা।

(০৬) সমস্ত শাখা/বিভাগীয় সম্পাদকদের অনুরোধ করা হচ্ছে সময়মতো রাজ্য সম্মেলনে উপস্থিত হতে যাতায়াতের জন্য বাস অথবা ট্রেনের টিকিটের আগাম ব্যবস্থা গ্রহণ করুন।

(০৭) মালদায় বাসস্থান সম্পর্কে পরবর্তী সার্কুলারে বিশদ জানানো হবে।

সংগ্রামী অভিনন্দন সহ



(তাপস কুমার ঘোষ)

প্রাদেশিক সম্পাদক

প্রতিলিপি : কম. অনিমেস মিত্র, প্রাদেশিক সম্পাদক, বি এস এন এল ইউ ইউ, প:ব: